# আর্মি ইনস্টিটিউট অফ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (আর্মি আইবিএ), সাভার

## সাভার সেনানিবাস, ঢাকা-১৩৪৪।

## ভর্তি-নির্দেশিকা

আন্ডারগ্র্যাজুয়েট (বিবিএ) প্রোগ্রাম

শিক্ষাবর্ষ: ২০২৫-২০২৬B

| | |
|---|---|
| ভর্তি পরীক্ষার তারিখ ও সময় | ৩১ জানুয়ারি ২০২৬, শনিবার দুপুর ১:০০টা |
| আবেদনের শুরুর তারিখ ও সময় | ১৪ ডিসেম্বর ২০২৫, দুপুর ১২:০০টা হতে |
| আবেদনের শেষ তারিখ ও সময় | ২১ জানুয়ারি ২০২৬, রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত |
| প্রবেশপত্র ডাউনলোড করার তারিখ ও সময় | ২৯ জানুয়ারি ২০২৬ সকাল ১১:৩০ মিনিটি হতে ৩১ জানুয়ারি সকাল ১০.৩০ মিনিট পর্যন্ত |
| ভর্তি পরীক্ষার সময়কাল | ১২০ মিনিট |
| আর্মি আইবিএ হটলাইন নম্বর | **+8801769098191, +8801769098189 এবং +8801722563472** |
| ই-মেইল | **info@aibasavar.edu.bd** |

## নির্দেশাবলী

১। আবেদন করার জন্য শিক্ষার্থীকে অবশ্যই বাংলাদেশি নাগরিক হতে হবে।

২। ২০২২ ও ২০২৩ সালের মাধ্যমিক বা সমমান এবং ২০২৪ ও ২০২৫ সালের উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

৩। মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান-এর পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম ৩.৫০ জি.পি.এ. থাকতে হবে।

৪। **<u>IGCSE/O-Level এবং IAL/GCE A-Level-এ উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে:</u>**

- IGCSE/O-Level-এ অন্তত ৫টি বিষয়ে (Mathematics) আবশ্যক এবং IAL/GCE A-Level-এ অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। তবে IGCSE/O-Level ও IAL/GCE A-Level-এর ৭টি বিষয়ের মধ্যে কমপক্ষে ৪টি বিষয়ে A গ্রেড থাকতে হবে এবং IGCSE/O-Level ও IAL/GCE A-Level-এ সর্বমোট ৭টি বিষয়ে আলাদাভাবে ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.৫ থাকতে হবে। পরীক্ষায় প্রাপ্ত লেটার গ্রেডের পয়েন্ট হবে নিম্নরূপ:

  **A= 5.0; B= 4.0; C= 3.5; D= 0.0**

- IGCSE/O-Level/সমমান এবং IAL/GCE A-Level/সমমান বিদেশি পাঠ্যক্রমে হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের সমতা নিরূপণের জন্য https://aibasavar.teletalk.com.bd ওয়েবসাইটে গিয়ে "সমমান আবেদন" (Equivalence Application) মেন্যুতে আবেদন করে নির্ধারিত ফি জমা দিতে হবে। যদি কোন শিক্ষার্থীর "Equivalence" আবেদনে সমস্যা হয়, তবে তাদেরকে Army IBA Savar Admission Helpdesk (+8801769098191, +8801769098189 এবং +8801722563472)- info@aibasavar.edu.bd এ যোগাযোগ করার জন্যে অনুরোধ করা যাচ্ছে।

৫। **আবেদনকারীকে ১৪ ডিসেম্বর ২০২৫, দুপুর ১২:০০টা হতে ২১ জানুয়ারি ২০২৬, রাত ১১:৫৯ মিনিটের** মধ্যে Army IBA Savar Admission Website (**http://aibasavar.teletalk.com.bd**)-এ অনলাইনে আবেদন করতে হবে। ভর্তির আবেদনের জন্য শিক্ষার্থীর উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিকের তথ্য, বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর এবং সদ্য তোলা একটি রঙ্গিন ছবি ও স্বাক্ষর প্রয়োজন হবে। ভর্তির আবেদন ফি সাথে সাথে Teletalk এ নির্ধারিত সময়সীমার মধ্যে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফি জমা না দেয়া হলে আবেদন গ্রহণযোগ্য হবে না।

৬। **ভর্তির আবেদন ফি সর্বমোট ১০০০/- (এক হাজার) টাকা।**

## Online-এ আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলী

- পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী http://aibasavar.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন।
- আবেদনের সময়সীমা নিম্নরূপ: Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৪ ডিসেম্বর ২০২৫, দুপুর ১২:০০টা । Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২১ জানুয়ারি ২০২৬, রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।
- Online আবেদনপত্রে শিক্ষার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।
- Online আবেদনপত্রে পূরণকৃত তথ্য যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের যথার্থতা সম্পর্কে শিক্ষার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।
- শিক্ষার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

- **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** অনলাইনে আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy-তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে, তাহলে পুনরায় আবেদন করতে পারবেন।

  তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়। বিধায়, আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থীকে অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত আছে কি না এবং সেগুলোর যথার্থতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত হতে হবে।

  উক্ত Applicant's Copy প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে Teletalk Pre-paid Mobile নম্বর থেকে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১০০০/- (এক হাজার) টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন।

  বিশেষভাবে উল্লেখ্য, "অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত অনলাইন আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।"

- **<u>প্রথম SMS:</u>** AIBA <space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
  Example: AIBA ABCDEF
  Reply: Applicant's Name, Tk. 1000 will be charged as application fee. Your PIN is XXXXXXXXX. To pay fee Type AIBA<Space>Yes<Space>PIN and send to 16222.

  **<u>দ্বিতীয় SMS:</u>** AIBA <space> YES <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
  Example: AIBA YES XXXXXXXXX
  Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for AIBA Savar Application for xxxxxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

- প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://aibasavar.teletalk.com.bd-এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে প্রার্থীদের যথাসময়ে জানানো হবে। অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়। ভর্তি পরীক্ষা ৩১ জানুয়ারি ২০২৬, শনিবার দুপুর ১:০০ টায় শুরু হবে। পরীক্ষার্থীদের দুপুর ১২:৩০-এর মধ্যে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে হবে।

**ঘোষণা: প্রার্থীকে আবেদনপত্রের অঙ্গীকার (Declaration) অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে পরীক্ষার পূর্বে বা পরে, এমনকি ভর্তির যেকোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।**

৭। ভর্তি পরীক্ষার ৪৮ ঘণ্টা পূর্ব থেকে বিস্তারিত আসনবিন্যাস আর্মি আইবিএ-র ভর্তির ওয়েবসাইটে (http://aibasavar.teletalk.com.bd) দেখা যাবে। এছাড়াও আবেদনকারী প্রবেশপত্রের নির্দেশনা অনুযায়ী এসএমএস-এর মাধ্যমে নিজ নিজ আসনবিন্যাস জানতে পারবেন।

৮। আর্মি আইবিএ, সাভার-এর আন্ডারগ্র্যাজুয়েট (বিবিএ) প্রোগ্রামের ভর্তি পরীক্ষা দুইটি ধাপে অনুষ্ঠিত হবে।

### ৮.১ প্রথম ধাপঃ

এই ধাপে ১০০ নম্বরের পরীক্ষা নেওয়া হবে। এর মধ্যে ৭৫ নম্বর থাকবে বহুনির্বাচনি (MCQ) অংশে এবং বাকি ২৫ নম্বর বর্ণনামূলক অংশে বরাদ্দ থাকবে। প্রথম ধাপের পরীক্ষার মানবণ্টন হবে নিম্নরূপ:

**ক) অংশ ১: বহুনির্বাচনি প্রশ্ন (MCQ) [সময়: ৯০ মিনিট]**

| পরীক্ষার বিষয় | মোট নম্বর |
|---|---|
| Mathematics | ৩০ |
| Analytical Ability | ২০ |
| Language and Communication | ২৫ |

বহুনির্বাচনি প্রশ্ন (MCQ)-এর পরীক্ষায় প্রতিটি ভুল উত্তরের জন্য ঐ প্রশ্নের জন্য বরাদ্দকৃত নম্বরের ২৫% নম্বর কাটা হবে।

**খ) অংশ ২: বর্ণনামূলক প্রশ্ন (Descriptive) [সময়: ৩০ মিনিট]**

| পরীক্ষার বিষয় | মোট নম্বর |
|---|---|
| Argumentative writing/Descriptive writing/ Critical writing/Thematic writeup etc. | ২৫ |

প্রথম ধাপের ১০০ নম্বরের পরীক্ষায় ন্যূনতম নম্বর অর্জন করা শিক্ষার্থীদের মধ্যে মেধাক্রম অনুযায়ী ন্যূনতম ২৫০ জন প্রার্থীকে দ্বিতীয় ধাপের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে। দ্বিতীয় ধাপের পরীক্ষার জন্য মনোনীত পরীক্ষার্থীদের তালিকা ইনস্টিটিউটের ওয়েবসাইটে (https://www.aibasavar.edu.bd) এবং মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে প্রকাশ করা হবে ।

### ৮.২ দ্বিতীয় ধাপ ঃ

এই ধাপে পরীক্ষার্থীদের কমিউনিকেশন দক্ষতা (Communication Skill) যাচাই করা হবে। কমিউনিকেশন পরীক্ষায় (Communication Test) মোট ২০ নম্বর বরাদ্দ থাকবে। দ্বিতীয় ধাপের জন্য নির্বাচিত প্রার্থীকে পরীক্ষার দিন প্রবেশপত্র, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষার মার্কশিট ও সার্টিফিকেটের মূল ও সত্যায়িত ফটোকপি সঙ্গে আনতে হবে।

৯। আর্মি ইনস্টিটিউট অফ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (আর্মি আইবিএ), সাভারে মোট আসন সংখ্যা ১২০টি, যা সম্পূর্ণ মেধার ভিত্তিতে পূরণ করা হয়। দুই ধাপের সম্মিলিত ১২০ নম্বরের পরীক্ষার প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে চূড়ান্ত মেধাক্রম নির্ধারণ করা হবে এবং মেধাতালিকা অনুসারে ১২০ জন পরীক্ষার্থীকে আন্ডারগ্র্যাজুয়েট (বিবিএ) প্রোগ্রামে ভর্তি করানোর মাধ্যমে সকল আসন পূরণ করা হবে। যদি একাধিক পরীক্ষার্থী একই মোট নম্বর পেয়ে থাকে, তাহলে চূড়ান্ত মেধাক্রম নির্ধারণের জন্য প্রথম ধাপের বহু নির্বাচনি অংশের নম্বর, এরপর বর্ণনামূলক অংশের নম্বর দক্ষতার নম্বর বিবেচিত হবে।

১০। প্রথম ও দ্বিতীয় ধাপের পরীক্ষার সমন্বিত চূড়ান্ত ফলাফল ও উত্তীর্ণ পরীক্ষার্থীদের মেধাতালিকা আর্মি আইবিএ, সাভার-এর ওয়েবসাইটে (https://www.aibasavar.edu.bd) এবং মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে প্রকাশ করা হবে।

*****আবেদনের শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া হলো।**

মেজর সৈয়দ সিরাজ-উল-হক (অব)
উপ-পরিচালক (একাডেমি)
আর্মি ইনস্টিটিউট অফ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (আর্মি আইবিএ), সাভার
সাভার সেনানিবাস, ঢাকা-১৩৪৪।